

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২০০

আগরতলা, ১ অক্টোবর, ২০২৬

ত্রিপুরার মানসিক স্বাস্থ্য পরিষেবায় এক নতুন মাইলফলক

নরসিংগড়স্থিত আধুনিক মানসিক হাসপাতাল (মডার্ন সাইকিয়াট্রি হসপিটাল) ত্রিপুরায় সামগ্রিক মানসিক স্বাস্থ্য পরিষেবার একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে কাজ করে চলেছে। এই হাসপাতাল থেকে স্টেট মেন্টাল হেলথ অ্যাসোসিয়েশন (এসএমএইচএ), অ্যাডিকশন ট্রিটমেন্ট ফ্যাসিলিটি (এটিএফ), ডিস্ট্রিক্ট মেন্টাল হেলথ প্রোগ্রাম (ডিএমএইচপি) এবং টেলি মানস সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ মানসিক স্বাস্থ্য কর্মসূচি পরিচালিত হচ্ছে। এর মাধ্যমে রাজ্যের মানুষের কাছে মানসিক স্বাস্থ্য পরিষেবা আরও সহজলভ্য করার উদ্যোগ নেওয়া হয়েছে।

মানসিক স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে আরও একটি গর্বের সংযোজন- নরসিংগড়ের আধুনিক মানসিক হাসপাতালে (মডার্ন সাইকিয়াট্রি হসপিটাল) ন্যাশনাল বোর্ড অফ এক্সামিনেশনস ইন মেডিক্যাল সায়েন্সেস, নিউ দিল্লি পরিচালিত তিন বছরের ডিগ্রি (ডিএনবি সাইকিয়াট্রি) কোর্সের সূচনা। পোস্ট এমবিবিএস তিন বছরের ডিএনবি সাইকিয়াট্রি কোর্স রাজ্যে উচ্চতর চিকিৎসা শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগকে আরও শক্তিশালী করবে এবং ভবিষ্যতে আরও দক্ষ মনোরোগ বিশেষজ্ঞ তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এক্ষেত্রে মোট আসন সংখ্যা চার(৪)টি যার মধ্যে সেন্ট্রাল পুলের জন্য দুটি আসন সংরক্ষিত এবং বাকি দুটি আসন ত্রিপুরা সরকারের অধীনে কর্মরত চিকিৎসকদের জন্য সংরক্ষিত থাকবে। এরফলে ত্রিপুরার মানুষের জন্য উন্নতমানের মানসিক স্বাস্থ্য পরিষেবা আরও শক্তিশালী করার পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হয়েছে। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।
